## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ রাজশাহী ডিভিশনের অধীন
## চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস
## আবাসিক প্লট উন্নয়ন প্রকল্পের প্লট বরাদ্দের

# প্রসপেক্টাস ও আবেদনপত্র

**আবাদি জমি রক্ষা করি, পরিকল্পিত আবাস গড়ি**

বাস্তবায়নে:

# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

রাজশাহী ডিভিশন, সপুরা, রাজশাহী।

ফোন: ০২৪৭-৮৬০০৩৭

মূল্য ঃ ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র।

ই-মেইল: chairman@nha.gov.bd

www.nha.gov.bd

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ রাজশাহী ডিভিশনের অধীন চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্পের প্লট বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদন পত্র

১। (ক) আগ্রহী বাংলাদেশী নাগরিক/ব্যক্তিগণকে নগদ ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র অফেরৎযোগ্য মূল্যে ক্রয়কৃত প্রসপেক্টাস এর সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে বিজ্ঞাপনে প্রকাশিত তারিখের মধ্যে আবেদন করতে হবে।

(খ) বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) প্লট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন এবং তাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মূখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাবরে FC A/C No- 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH এর মাধ্যমে ১৫(পনের) মার্কিন ডলার জমা প্রদান করে সংগ্রহ করতে পারবেন অথবা আবেদনকারী যেভাবে যে ঠিকানায় প্রসপেক্টাস পেতে ইচ্ছুক সে ঠিকানাটি ই-মেইল ও ফ্যাক্স যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়কে অবহিত করিলে (National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh. Phone: +88-02-9562762, Fax: +88-02-9562618, e-mail: chairman@nha.gov.bd) সেই ঠিকানায় প্রসপেক্টাস প্রেরণ করা হবে। তবে এই ক্ষেত্রে ডাক মাশূলের খরচ আবদেনকারীকে বহন করতে হবে।

২। যদি কারো নিজ নামে, স্ত্রী/স্বামী /সন্তান/পোষ্যের নামে বা বেনামে চাঁপাইনবাবগঞ্জ জেলা কালেক্টরেটেরের মধ্যে বসবাস যোগ্য ঘর/বাড়ী থাকে কিংবা ইতিপূর্বে সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে বরাদ্দ পেয়ে থাকেন তবে তিনি এই প্লট বরাদ্দের জন্য আবেদন করার যোগ্য হবেন না। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমানিত হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে।

৩। প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট/ নোটারী পাবলিক এর সম্মুখে (বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সম্মুখে) নির্ধারিত ছকে ৩০০/- (তিনশত টাকা) মাত্র নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ২৭শে জানুয়ারী, ২০২০ খ্রিঃ, তারিখের পরে সম্পাদিত হলফনামা আবেদন পত্রের সঙ্গে দাখিল করতে হবে। NRB এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

৪। জমির কাঠা প্রতি মূল্য ৫,৫৫,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চান্ন হাজার ) টাকা মাত্র। নিম্নে প্লট এর আনুমানিক আয়তন ও সংখ্যা দেয়া হলো ঃ

| ক্রঃ নং | প্লটের আয়তন | প্লটের সংখ্যা |
|---|---|---|
| ১। | কম/বেশি ৫.০০ কাঠা থেকে ৬.০০ কাঠা | কম/বেশি - ০২ টি |
| ২। | কম/বেশি ৪.০০ কাঠা | কম/বেশি - ১৪ টি |
| ৩। | কম/বেশি ৩.০০ কাঠা | কম/বেশি - ৩৩ টি |
| ৪। | কম/বেশি ২.৫০ কাঠা | কম/বেশি - ৫৭ টি |

৫।(ক) প্রত্যেক আবেদনকারীকে আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত হারে জামানতের টাকা **"চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ"** এর অনুকুলে বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (রাজশাহী হইতে কালেকশন যোগ্য) এর মাধ্যমে আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। বিদেশে কর্মরত বাংলাদেশী নাগরিকগণ প্রয়োজনে সমপরিমান টাকা, পাউন্ড, ষ্ট্যালিং/ইউরো/আমেরিকান ডলারে ড্রাফটের মাধ্যমে প্রদান করতে পারবেন।

৪.০০ থেকে ৬.০০ কাঠা আয়তনের প্লটের জন্য জামানত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার ) টাকা মাত্র।

২.৫০ থেকে ৩.০০ কাঠা আয়তনের প্লটের জন্য জামানত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মাত্র।

খ) নিম্নেবর্ণিত কার্যালয় হতে ৩০/০৩/২০২০খিঃ অফিস সময় পর্যন্ত ক্রয় ও জমা প্রদান করা যাবে।

| ক্রমিক নং | কার্যালয়ের নাম |
|---|---|
| ১ | রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী। |
| ২ | ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা। |
| ৩ | ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা। |
| ৪ | মিরপুর বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা। |
| ৫ | ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা। |
| ৬ | চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম। |
| ৭ | সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট। |
| ৮ | খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা। |
| ৯ | দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউটাউন, দিনাজপুর। |

বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ প্লট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। তারা অবশ্যই সমপরিমাণ টাকা, পাউন্ড, ইউরো, স্টালিং/আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার বরাবরে FC A/C No- 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH এর মাধ্যমে প্রদান করতে পারবেন। তাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মূখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

(গ) যারা প্লটের বরাদ্দ পাবেন না তাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকদের তালিকা প্রকাশের অনধিক ১(এক) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী অফিস হতে ফেরত দেওয়া হবে। তবে কোন সুদ প্রদান করা হবে না।

(ঘ) সকল আবেদনকারী তাদের জামানতের টাকা যে ব্যাংক ও এ্যাকাউন্ট নম্বরে ফেরত পেতে ইচ্ছুক তার এ্যাকাউন্ট নম্বর, ব্যাংকের নাম ও ঠিকানা আবেদনপত্রে উল্লেখ করবেন। যে সকল আবেদনকারী প্লট পাবে না অথবা প্লট পেলে পরবর্তীতে নিতে আগ্রহী হবেন না তাদের জামাতের টাকা উক্ত এ্যাকাউন্ট নম্বর ও ঠিকানায় আবেদন সাপেক্ষে প্রেরণ করা হবে।

৬। যে সকল আবেদনকারী প্লটের বরাদ্দ পাবেন, তাদের প্রদত্ত জামানতের টাকা জমির মূল্যের ১ম কিস্তির সাথে সমন্বয় করা হবে। আবেদনকারীগণ প্লট বরাদ্দ পাওয়া সত্ত্বেও প্লট নিতে ইচ্ছুক না হলে, তারা জামানতের টাকা ফেরৎ চেয়ে আবেদন করলে আবেদন প্রাপ্তির অনধিক ২ (দুই) মাসের মধ্যে জমাকৃত জামানতের অর্থ সুদ বিহীন ফেরৎ দেয়া হবে।

৭। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৮। যাদের বাৎসরিক আয় ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকার উর্দ্ধে তাদের TIN সার্টিফিকেট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চাকুরীজিবী আবেদনকারীদের বেতন স্কেল ও মাসিক বেতন সম্পর্কে নিয়োগকারী কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ক্রমিক নং- ১০ (ক), (খ), (গ) এবং (জ) তে উল্লেখিত পেশাজীবি গ্রুপ ব্যতীত অন্যান্য আবেদনকারীগণ, যাদের বাৎসরিক আয় ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকার নিচে তাদের আয়ের স্ব-পক্ষে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত ১ম শ্রেণীর কর্মকর্তা/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/মেয়র, পৌরসভা কর্তৃক সার্টিফিকেট দাখিল করতে হবে।

৯। আবেদনকারীর বয়স ৩০/০৩/২০২০খ্রিঃ তারিখে নূন্যতম ২৫ বৎসর হতে হবে।

১০। আবেদনকারীকে তার পেশা হিসাবে নিম্নবর্ণিত গ্রুপের যে কোন একটি পেশার কথা উল্লেখ করতে হবে। কোন আবেদনকারীকে নিম্নেবর্ণিত 'ক' গ্রুপ হতে 'ট' গ্রুপে অন্তর্ভূক্ত না হলে 'ড' গ্রুপে তার পেশার বিষয় উল্লেখ করতে

হবে। কোন কোটায় প্লটের প্রাপ্যতা অপেক্ষা দরখাস্ত কম হলে অথবা দরখাস্ত না পাওয়া গেলে অবশিষ্ট প্লট সমূহ দরখাস্ত ও প্লট সংখ্যার সর্বোচ্চ অনুপাত বিশিষ্ট কোটায় সরাসরি সংযোজিত হবে।

| গ্রুপ | ক্যাটাগরী | কোটার হার |
|---|---|---|
| (ক) | সরকারী চাকুরী | ১৮% |
| (খ) | আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থার কর্মকর্তা/কর্মচারী | ০৮% |
| (গ) | বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি | ০৮% |
| (ঘ) | বিদেশে কর্মরত ব্যক্তি/ওয়েজ আর্নার | ০৭% |
| (ঙ) | মুক্তিযোদ্ধা | ০৪% |
| (চ) | ব্যবসায়ী | ০৮% |
| (ছ) | অবসরপ্রাপ্ত চাকুরীজীবি | ০৪% |
| (জ) | মন্ত্রনালয় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্ধারিত কোটা | ০৬% |
| (ঝ) | অর্থ বিভাগ,আইএমইডি এবং পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্ধারিত | ০১% |
| (ঞ) | সাবেক গৃহসংস্থান অধিদপ্তর কর্তৃক জমি অধিগ্রহণজনিত ক্ষতিগ্রস্থ লোকজন | ০৪% |
| (ট) | বিশেষ পেশাজীবি (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবি বা অন্য কোন বিশেষ পেশা) | ০৪% |
| (ঠ) | সংরক্ষিত | **২০%** |
| (ড) | অন্যান্য | **০৮%** |
| | | **১০০%** |

১১। চাকুরীজীবি আবেদনকারীকে তাদের চাকুরীতে যোগদানের তারিখ স্ব-স্ব নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের নিকট হতে সার্টিফিকেট সংগ্রহ করে আবেদন পত্রের সঙ্গে দাখিল করতে হবে ।

১২। মুক্তিযোদ্ধা আবেদনকারীগণকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপত্র/সাময়িকসনদপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে ।

১৩। মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধার সন্তান ও স্ত্রী উক্ত প্রকল্পের প্লটের জন্য আবেদন করতে পারবেন।

১৪। অবসরপ্রাপ্ত চাকুরীজীবিগণকে অবসর গ্রহনের নোটিফিকেশন, শেষ বেতন স্কেল ও মোট বেতনের সার্টিফিকেট ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করতঃ আবেদনের সাথে দাখিল করতে হবে ।

১৫। প্রকল্প এলাকার জমি অধিগ্রহণজনিত ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ যারা (ঞ) গ্রুপে আবেদন করবেন,তাদেরকে এওয়ার্ড সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে ।

১৬। প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবি কোটায় আবেদনকারীগণকে স্ব-স্ব রেজিস্টার্ড কেন্দ্রীয় সংগঠনের প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করতে হবে।

১৭। সাংবাদিক কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সাংবাদিকতার সনদপত্রের কপি অবশ্যই দাখিল করতে হবে।

১৮। জমির মূল্য পরিশোধের পদ্ধতি ঃ

(ক) প্রথম কিস্তি ঃ বরাদ্দকৃত জমির মোট মূল্যের ৪০% টাকা বরাদ্দ পত্র জারীর ৩০(ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। জামানতের টাকা প্রথম কিস্তির টাকার সাথে সমন্বয় করা হবে।

(খ) দ্বিতীয় কিস্তি ঃ বরাদ্দের ১২ (বার) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করিতে হইবে।

(গ) তৃতীয় কিস্তি ঃ বরাদ্দের ১৮ (আঠারো) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে।

(ঘ) চতুর্থ কিস্তি ঃ বরাদ্দের ২৪ (চব্বিশ) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে। অর্থাৎ সর্বমোট ১০০% মূল্য পরিশোধ করতে হবে।

(ঙ) জমির ৪র্থ কিস্তির টাকা পরিশোধের ৩(তিন) মাস পর প্লটের বাস্তব দখল হস্তান্তরসহ লীজ দলিল রেজিষ্ট্রি করার ব্যবস্থা করা হবে এবং উহার যাবতীয় ব্যয়ভার বরাদ্দ গ্রহীতাকে বহন করতে হবে।

(চ) লীজ দলিল সম্পাদনের ৫ (পাঁচ) বৎসরের মধ্যে অবশ্যই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর ছাড়পত্র এবং স্থানীয় পৌর কর্তৃপক্ষের অনুমোদিত নকশা অনুযায়ী বাড়ী নির্মাণ করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিলক্রমে জমাকৃত অর্থের ৫% বাজেয়াপ্ত করয়া অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

(ছ) যারা বরাদ্দের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমির মূল্যের **১**ম কিস্তির টাকা পরিশোধ করতে ব্যর্থ হবেন, তাদের বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

(জ) প্রথম কিস্তির টাকা পরিশোধের পর যারা সময়মত পরবর্তী কিস্তিসমূহ পরিশোধ করতে অপারগ/বর্থ হবেন, তাদের কিস্তির জন্য নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ৯০ (নব্বই) দিন পর্যন্ত **১৩** % হারে সার্ভিসচার্জ সহ কিস্তির টাকা পরিশোধের সুযোগ দেয়া হবে। উক্ত সময়ের মধ্যে যারা সুদসহ সমুদয় মূল্য/কিস্তি পরিশোধ করতে ব্যর্থ হবেন, তাদের বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত মূল্যের ৫% কর্তন করে অবশিষ্ট টাকা সুদ বিহীন ফেরত দেয়া হবে।

১৯। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ পাউন্ড, ইউরো, স্টালিং/আমেরিকান ডলার অথবা এফ,সি একাউন্ট এর মাধ্যমে বাংলাদেশী মুদ্রায় জমির মূল্য পরিশোধ করতে পারবেন। সরকার (এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) জমাকৃত অর্থ ফেরত দিলে উহা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। বৈদেশিক মুদ্রার বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পেলে তা গ্রহণে সম্মত থাকতে হবে।

২০। অসম্পুর্ণ এবং ভূল তথ্য সম্বলিত আবেদন পত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃত ভাবে তথ্য গোপন করলে বা ভূল তথ্য পরিবেশন করলে এবং তা প্রমাণিত হলে, বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত মূল্য বাজেয়াপ্ত করা হবে।

২১। একান্নভূক্ত পরিবার হলে মাত্র একটি দরখাস্ত করা যাবে। একান্নভূক্ত পরিবারের সদস্যগণ একাধিক প্লট বরাদ্দ পেলে এবং তা যে কোন সময়ে প্রমাণিত হলে, প্লট বরাদ্দ বাতিল করা হবে এবং প্লটের জন্য জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে। তবে বিষয়টি প্রকল্প এলাকার ক্ষতিগ্রস্তদের জন্য প্রযোজ্য নয়।

২২। আবেদনকারীর সঠিক বয়স প্রমাণের জন্য **১**ম শ্রেণীর গেজেটেড অফিসার দ্বারা সত্যায়িত ম্যাট্রিক/এস.এস.সি সার্টিফিকেটের অনুলিপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। যারা ম্যাট্রিক/এস.এস.সি পাস করেন নাই, তাদের বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয় পত্র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

২৩। আবেদনকারীকে প্রকল্প এলাকার যে কোন স্থানে বরাদ্দকৃত প্লট গ্রহণে সম্মত থাকতে হবে।

২৪। প্রত্যেক বরাদ্দ প্রাপক জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী ভবন নির্মাণ করতে পারবেন।

২৫। জমির মূল্য সাময়িকভাবে প্রতি কাঠা ৫,৫৫,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা মাত্র ধার্য করা হয়েছে। যে কোন কারণে প্রকল্পের উন্নয়ন ব্যয় বৃদ্ধি পেলে উক্ত জমির মূল্য আনুপাতিকহারে কিছুটা বৃদ্ধি পেতে পারে , যা পরিশোধে সম্মত থাকতে হবে। উক্ত বর্ধিত মূল্য বরাদ্দ প্রাপকগণকে শেষ কিস্তির সাথে পরিশোধ করতে হবে; কিন্তু পরিশোধে অপারগতা প্রকাশ করলে বরাদ্দ পত্র বাতিল বলিয়া গণ্য হবে এবং প্রদানকৃত টাকা সুদ বিহীন ফেরত দেয়া হবে।

২৬। আবেদন পত্রের সাথে আবেদনপত্র ক্রয়ের মূল রসিদ সংযুক্ত করতে হবে।

২৭। প্রসপেক্টাসে উল্লেখিত যে কোন শর্ত/শর্তাদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময়ে পরিবর্তন/পরিবর্ধন/ সংযোজন/বিয়োজন এর ক্ষমতা সংরক্ষন করেন।

২৮। ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গন্য হবে।

**২৯। প্লট বরাদ্দের ক্ষেত্রে চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার বিবেচনা করা হবে।**

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।

তারিখ .......................

# ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে
# হলফনামার নমুনা

ছবি
পাসর্পোট সাইজ

আমি ..........................................................................................................................

পিতা/স্বামী ..............................................................মাতা ...............................................

জন্ম তারিখ ............................. বয়স .............................. পেশা ........................................

বর্তমান ঠিকানা ..........................................................................................................

ঠিকানায় বসবাসরত এবং আমার স্থায়ী ঠিকানা ঃ- গ্রাম...................................................................

ডাকঘর..........................................থানা/উপজেলা........................................................

জেলা ..........................................নাগরিকত্ব ...................................................................

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করিতেছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক প্লটের প্রয়োজন এবং আরো অঙ্গীকার করিতেছি যে, চাঁপাইনবাবগঞ্জ জেলা কালেক্টরেট এলাকার মধ্যে কোথাও আমার নিজের নামে/স্ত্রী/স্বামী বা পুত্র/কন্যা বা পোষ্যের নামে কিংবা বেনামে কোন জমি/বাড়ী নাই, ইতোপূর্বে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ অথবা অন্য কোন সরকারী/সায়ত্বশাসিত সংস্থা হইতে জমি/বাড়ী/ফ্ল্যাট বরাদ্দ পাইনি।

উপরোক্ত ঘোষণা সম্পূর্ণ সত্য ও নির্ভূল।

...........................................................
হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত, তিনি আমার সম্মুখে স্বাক্ষর করিয়াছেন। আমি তাহার পরিচয় প্রদানকারী।

..........................................................
প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

...............................
এডভোকেট

বিদেশে অবস্থানরত বাংলাদেশী আবেদনকারীর জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
রাজশাহী ডিভিশন
সপুরা, রাজশাহী।
ফোন নং- ০২৪৭-৮৬০০৩৭

## "প্লট বরাদ্দের পূনঃ বিজ্ঞপ্তি"

স্মারক নং: ২৫.৩৮.৮১২২.৬১৪.৩৭.০০১.১৯.৫৩, তারিখ : ২৬/০১/২০২০ খ্রিঃ।

এতদ্বারা আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত আবেদনপত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন "চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প" এর আবাসিক প্লট বরাদ্দের জন্য পূনঃ আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক) প্লটের আয়তন, সংখ্যা ও জামানতের টাকার বিবরণ:

| ক্রঃ নং | চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | | | |
|---|---|---|---|---|
| | প্লটের আয়তন | প্লটের সংখ্যা | কাঠা প্রতি মূল্য | জামানতের টাকার পরিমান |
| ১। | কম/বেশি ৫ কাঠা থেকে ৬ কাঠা | কম/বেশি - ০২ টি | ৫.৫৫ লক্ষ | ১,৫০,০০০/- |
| ২। | কম/বেশি ৪.০০ কাঠা | কম/বেশি - ১৪ টি | | ১,৫০,০০০/- |
| ৩। | কম/বেশি ৩.০০ কাঠা | কম/বেশি - ৩৩ টি | | ১,০০,০০০/- |
| ৪। | কম/বেশি ২.৫০ কাঠা | কম/বেশি - ৫৭ টি | | ১,০০,০০০/- |

খ) জামানতের টাকা **"চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ"** এর অনুকুলে বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (রাজশাহী হইতে কালেকশন যোগ্য) এর মাধ্যমে আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। বিদেশে কর্মরত বাংলাদেশী নাগরিকগণ প্রয়োজনে সমপরিমান টাকা, পাউন্ড, ষ্ট্যালিং/ইউরো/আমেরিকান ডলারে ড্রাফটের মাধ্যমে প্রদান করতে পারবেন।

গ) প্লট বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদনপত্র নগদ ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিম্ন বর্ণিত কার্যালয় হতে ৩০ মার্চ/২০২০ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত ক্রয় ও জমা প্রদান করা যাবে ঃ

(১) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী, (২) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা, (৩) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউ টাউন, দিনাজপুর, (৪) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা, (৫) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা, (৬) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা, (৭) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম, (৮) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট, (৯) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

ঘ) আবেদনকারীর বয়স ২৮শে ফেব্রুয়ারী/২০২০ খ্রিঃ নুন্যতম ২৫ বৎসর হতে হবে।

ঙ) প্রসপেক্টাসে বর্ণিত চাহিদা মোতাবেক সকল কাগজ পত্রের কপি পূরনকৃত আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে ।

চ) প্রসপেক্টাসে বর্ণিত শর্তানুযায়ী প্রাপ্ত বৈধ আবেদনকারীদের মধ্যে প্লটের বরাদ্দ প্রদান করা হবে। প্লটের সংখ্যা অপেক্ষা আবেদনকারীর সংখ্যা বেশি হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সিদ্ধান্ত আনুযায়ী পরবর্তী ব্যবস্থা গৃহীত হবে।

ছ) প্লট বরাদ্দের অন্যান্য তথ্যাদি ও শর্তাবলী ক্রয়কৃত প্রসপেক্টাস হতে বিস্তারিত জানা যাবে।

স্বাঃ-
(কাওসার মোর্শেদ)
নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
রাজশাহী ডিভিশন
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ রাজশাহী ডিভিশনের অধীন চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস
আবাসিক প্লট উন্নয়ন প্রকল্পের আবাসিক প্লট বরাদ্দের

| আবেদনপত্রের ক্রমিক নং | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| অফিস কর্তৃক পূরণ করা হইবে | | | |

# আবেদন পত্র

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ১ (এক) কপি সুদৃঢ় ভাবে আঠা দিয়ে লাগাইতে হইবে।

১। আবেদনকারীর নাম(স্পষ্ট অক্ষরে) বাংলায়: ........................................................................................................
ইংরেজিতে (ক্যাপিটাল লেটারে) .........................................................................................................
২। পিতা/স্বামীর নাম ঃ ............................................................, মাতার নাম.......................................................
৩। আবেদনকারীর জন্ম তারিখ ঃ ..................................................... বয়স ঃ .........................................................
(বয়সের প্রমাণ পত্র সংযুক্ত করতে হবে) ( ...........................................তারিখে বয়স)
৪। বর্তমান ঠিকানা ঃ ..........................................................................................................................
..........................................................................................................................
টেলিফোন নম্বর (যদি থাকে) ঃ ...............................................মোবাইল .................................................
৫। স্থায়ী ঠিকানা ঃ .............................................................................................................................
(প্রমানপত্র সংযুক্ত করতে হবে)
৬। ক)জাতীয় পরিচয় পত্র/ভোটার আইডি নং(যদি থাকে) ..................................................................................
খ) পাসপোর্ট নং (বিদেশে বসবাসকারী আবেদনকারীর ক্ষেত্রে) ..................................................................
৭। পেশার বিবরণ ঃ
ক) অফিস/সংস্থা/ব্যবসা প্রতিষ্ঠানের নাম ঃ
খ) চাকুরিজীবী হলে ঃ
১। পদের নাম ঃ　　　　২। বেতন স্কেল ঃ
৩। বর্তমানে প্রাপ্ত মূল বেতন ঃ　　　　৪। চাকুরীতে যোগদানের তারিখ ঃ
৫। মেয়াদকাল ঃ
৮। ই টি আই এন নম্বর (যদি থাকে) ঃ ..................................................................................................
৯। (ক) প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর ঃ ................................... তারিখ ঃ ..........................................
(মূল রসিদ সংযুক্ত করতে হবে)
খ) চেয়ারম্যন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নং ..................................................
টাকার পরিমান ঃ ....................................................................................... তারিখ ঃ ................................
ব্যাংকের নাম ঃ .................................................................... শাখা ঃ ..................................................
গ) মার্কিন ডলার/ ইউরো/পাউন্ড স্টার্লিং এর বিবরন ঃ .......................................................................................
১০) আবেদনকৃত প্লটের পরিমান ঃ .........................................................................................................
(কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)
১১। যে পেশা/কোটায় প্লট পেতে আগ্রহী ঃ ...............................................................................................
(কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)
১২। প্রসপেক্টাসে বর্ণিত চাহিদা মতে প্রয়োজনীয় সকল কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে।
১৩। হলফনামার তারিখ ঃ .......................................................................................................................
(২৭ শে জানুয়ারি/২০২০ খ্রিঃ এর পরে সম্পাদিত ৩০০/- (তিনশত টাকা) মাত্র মূল্যমানের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প এ হলফ নামা সংযুক্ত করতে হবে)
NRB এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা/বাংলাদেশ দূতাবাসের কোন কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা গৃহীত হবে।

আমি অঙ্গীকার করিতেছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্য সমূহ নির্ভূল এবং সত্য।

১৪। আবেদনকারীর (নিজ নামে) ব্যাংক হিসাব নম্বর ঃ .............................................ব্যাংকের নাম.....................................
শাখা ঃ....................................... SWIFT CODE (যদি থাকে) ঃ...................... Routing No:(যদি থাকে)..................

আবেদনের তারিখ ঃ ..........................　　　　..................................
আবেদনকারীর স্বাক্ষর

(বিঃ দ্রঃ আবেদন পত্র পূরণ করার পূর্বে অনুগ্রহ পূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়ে পাঠ করবেন।